

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
'আমার বাড়ি আমার খামার' প্রকল্প  
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)  
৭১-৭২, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।  
www.abak-rdcd.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১১.১৯.১৭৬

তারিখ: ২৪ আষাঢ়, ১৪২৭

০৮ জুলাই ২০২০

বিষয়: প্রকল্পের চাকুরি হতে চূড়ান্ত অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

জনাব রতন কুমার বিশ্বাস, মাঠসহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মঠবাড়িয়া, পিরোজপুর-এর বিরুদ্ধে প্রকল্পের কাজে চরম অনীহা প্রদর্শন, নিয়মিত সমিতিতে না যাওয়া, সমিতি হতে আদায়কৃত অর্থ প্রায়শই হস্তমুজুদ করাসহ নানাবিধ বিষয়ে অভিযোগ পাওয়া গেছে। জনাব রতন কুমার বিশ্বাস, মঠবাড়িয়া, পিরোজপুর-এ সদস্যদের নিকট হতে সঞ্চয় ও ঋণের কিস্তিবাবদ আদায়কৃত ৭,৬৭,২৬৩/- ( সাত লক্ষ সাতষট্টি হাজার দুইশত তেঁষট্টি ) টাকা অফিসে জমা না দিয়ে হস্তমুজুদ করেন। এ প্রেক্ষিতে প্রকল্পের কাজে অনীহা, নিয়মিত সমিতিতে না যাওয়া, সমিতি হতে আদায়কৃত অর্থ প্রায়শই হস্তমুজুদ করাসহ নানাবিধ বিষয়ে অভিযোগের কারণে প্রকল্প সদর দপ্তরের ২৩.০১.২০১৯ তারিখ তাকে সাময়িকভাবে বরখাস্তকরণ সহ কারণ দর্শানো হয়, হস্তমুজুদকৃত সম্পূর্ণ টাকা এখনও অপরিশোধিত রয়েছে মর্মে উপজেলা সমন্বয়কারী মঠবাড়িয়া, পিরোজপুর -প্রকল্প সদর দপ্তরকে লিখিত ভাবে অবহিত করেছেন।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচারণ, আর্থিক অনিয়ম, ধৃষ্টতা এবং দুর্নীতির শামিল। এমতাবস্থায়, সমিতির অর্থ হস্তমুজুদ এবং প্রকল্পের কাজে চরম গাফিলতিসহ নানাবিধ কারণে প্রকল্পের অস্থায়ী চুক্তিভিত্তিক নিয়োগ পত্রের ৬ নং শর্ত অনুযায়ী প্রকল্পের চাকুরি হতে তাকে চূড়ান্তভাবে অব্যাহতি প্রদান করা হলো। একইসাথে আত্মসাতকৃত/হস্তমুজুদকৃত টাকা আগামী ০৭(সাত) দিনের মধ্যে যথাযথ খাতে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩. আত্মসাতকৃত অর্থ যথাযথ খাতে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়িয়া, পিরোজপুর-কে অনুরোধ করা হলো। হস্তমুজুদ/আত্মসাতকৃত টাকা জমা প্রদানে ব্যর্থ হলে অভিযুক্ত জনাব রতন কুমার বিশ্বাস-এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন আইনের সংশ্লিষ্ট ধারায় এবং পাবলিক ডিম্যান্ড রিকভারি আইন, ১৯১৩ এর সংশ্লিষ্ট ধারা (সার্টিফিকেট মামলা) অনুযায়ী শাখা ব্যবস্থাপক-কে মামলা করার অনুমতি প্রদান করা হলো।

৮-৭-২০২০

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-  
rdcd.gov.bd

জনাব রতন কুমার বিশ্বাস, মাঠসহকারী, আমার বাড়ি আমার  
খামার প্রকল্প, মঠবাড়িয়া, পিরোজপুর।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১১.১৯.১৭৬/১(৭)

তারিখ: ২৪ আষাঢ়, ১৪২৭

০৮ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।

- ২) জেলা প্রশাসক, পিরোজপুর।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়িয়া, পিরোজপুর।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৫) জেলা সমন্বয়কারী, পিরোজপুর।
- ৬) উপজেলা সমন্বয়কারী (আবাসাখা)/ শাখা ব্যবস্থাপক (পিএসবি), মঠবাড়িয়া, পিরোজপুর।
- ৭) অফিস নথি।



৮-৭-২০২০

আকবর হোসেন  
প্রকল্প পরিচালক